

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩০৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - তাওয়াকুল (আল্লাহর ওপর ভরসা) ও সবর (ধৈর্যধারণ) প্রসঙ্গে

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ التَّوَكُّلِ وَالصَّبْر)

### আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي أَنَا الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ) رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حسن صَحِيح

صحیح ، رواه ابوداؤد (3993) و الترمذی (2940) ۔ (صَحِیح)

### বাংলা

৫৩০৭-[১৩] ইবনু মাসউদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাকে এ আয়াতটি এভাবে শিক্ষা দিয়েছেন- (إِنِّي أَنَا الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ) অর্থাৎ "আমিই রিযকদাতা, ক্ষমতার আধার"। [তিরমিযী ও আবূ দাউদ; ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেন : হাদীসটি হাসান সহীহ

## ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৩৯৯৩, তিরমিয়ী ২৯৪০, মুসনাদে বায্যার ১৮৯৭, মুসনাদে আহমাদ ৩৭৪১, আবূ ইয়া'লা ৫৩৩৩, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৫২৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা :(أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ): রাসূলুল্লাহ (সা.) আমাকে এভাবে পড়তে শিখিয়েছেন (إِنِّي أَنَا: ব্যাখ্যা) الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ)

'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহ্লাহ) বলেন, উক্ত কিরাআতটি রসূল (সা.) থেকে শায বা কম প্রচলিত কিরাআত। প্রসিদ্ধ কিরাআত হচ্ছে: (إِنَّ اللهَ هُوَ الرَّزَّاقُ ذُو الصَّقُوَّةِ السَّمَتِيكَ ﴿۵٨﴾): শনিশ্চয় আল্লাহই হচ্ছেন রিযকদাতা



প্রবল শক্তির অধিকারী"- (সূরাহ্ আয যারিয়াত: ৫১: ৫৮)। অর্থাৎ তিনি সবকিছুর করার ক্ষমতা রাখেন। অতএব তার ওপরই ভরসা করা এবং সকল বিষয় তার ওপর ন্যস্ত করা উচিত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন